

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/২৭ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৯.৯০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি' নিম্নরূপে গঠন করেছে :

(ক) কমিটির গঠন :

- (১) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় : সভাপতি
- (২) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় : সদস্য
- (৩) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/মন্ত্রণালয়সমূহের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রী : সদস্য

সভাপতির নিজ মন্ত্রণালয়/বিভাগ কোন আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধের পক্ষ হলে এ কমিটির সদস্য হিসাবে নিয়োজিত পরবর্তী জ্যেষ্ঠ মন্ত্রী কমিটির সভাপতির দায়িত্ব পালন করবেন।

(খ) সহায়তাদানকারী কর্মকর্তা :

- (১) মন্ত্রিপরিষদ সচিব
- (২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- (৩) সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

( ১৩৯৬৫ )

মূল্য : টাকা ৪.০০

(৪) সচিব, আইন ও বিচার বিভাগ

(৫) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(গ) **কমিটির কার্যপরিধি:**

আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ পক্ষগণ এই মন্ত্রিসভা কমিটির নিকট আপিল দায়ের করতে পারবে। মন্ত্রিসভা কমিটি উক্ত আপিল নিষ্পত্তি করবে এবং এই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঘ) কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার ইউনিট কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোসাম্মৎ নাসিমা বেগম

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন: ৯৫১১০৩৬

e-mail: addl\_ce@cabinet.gov.bd